# সেপ্টেম্বর-২০১৭ মাসে দিনাজপুর সদর, উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ১৯/০৯/২০১৭ খ্রিঃ
সময় ঃ ১০.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ক-তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভায় এনজিও সমূহকে প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১০.৩০ মিনিটে এনজিও বিষয়ক সমন্বয় সভার বৈঠক হবে মর্মে আলোচনা হয়। গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

## নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের সেপ্টেম্বর/১৭ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| এসএমএনবি | ১) সামাজিক সচেতনতা সভা<br><br>(২) বৃক্ষ চারা বিতরণ | বিবেচ্য মাসে ৬০ জনকে নিয়ে সামাজিক সচেতনতা সভা করা হয়। ৩টি পরিবারের জন্য ১টি নলকূপ স্থাপন করা হয়।<br><br>৬০টি পরিবারের মাঝে ৬০টি বৃক্ষ চারা বিতরন করা হয়। | দিনাজপুর সদর | পরিবেশ বান্ধব বৃক্ষ ও তালগাছের চারা রোপনের জন্য অনুরোধ করা হলো। |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br>(৪) বনায়ন কার্যক্রম<br><br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ২০২৭ জন কে ৪,০১,৬০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৯৪ জনকে ২০,২০,০০০/- টাকা।<br><br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয়।<br><br>গ্রাম ওয়াশ কমিটির মিটিং চলতি মাসে ১টি এবং এ পর্যন্ত ১৪৮৬৮ টি মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১২৩৭৫ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে।<br><br>পারিবারিক নির্যাতন প্রতিরোধ চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৭ ইং অর্থ বছরে ২৭ টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস ১৭/ পালন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২২৫ জনকে দেওয়া হয়েছে। | দিনাজপুর সদর উপজেলা | প্রান্তিক ঋণ গ্রহীতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের জন্য অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৮) কৃষি ও পরিবেশ<br><br>(৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা<br><br>(১০) প্রশিক্ষণ<br><br>(১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন।<br><br>(১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ৪৫০০ কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজযেমন লাউ, মুলা, শিম, শসা,মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবস ২০১৭ পালন করা হয়।<br><br>বিবেচ্য মাসে লানিং সেন্টার মাধ্যমে ৩০০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী কর্মকর্তাকে ও ৫০জন অন্যান্য কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে।<br><br>মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী দিবস পালন করা হয় এবং মাদক বিরোধী ও ধূমপানমুক্ত সভা সেমিনারে সহায়তা এবং অংশগ্রহণ করা হয়। | | |
| এইড কুমিল্লা | আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে ইউনিয়ন আইন সহায়তা কমিটির দ্বি-মাসিক সভা করা হয় চেহেলগাজী ইউনিয়ন পরিষদ, সুন্দরবন ইউনিয়ন পরিষদ এবং শংকরপুর ইউনিয়ন পরিষদে। উঠান বৈঠক বনতারা, শংকরপুর, মাধবপুর, শেখপুরা, সৈয়দপুর, আউলিয়াপুর, মহারাজপুর ও ফাজিরপুর করা হয়। গ্রাম পর্যায়ে পোষ্টার ইনফরমেশন কার্ড ও লিফলেট বিতরণ চলমান রয়েছে। | দিনাজপুর সদর | |
| সান ফ্লওয়ার | কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে জৈব কৃষি বিষয়ক আলোচনা সভা করা হয় ০২ টি এবং বিবেচ্য মাসে সার উৎপাদন এবং বিপনন বিষয়ক মাঠ পর্যায়ে কৃষকদের উদ্ভদ্ধকরণ কোন সভা করা হয়নি। | দিনাজপুর সদর | |
| কারিতাস | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বন্যা কার্যক্রম | বিবেচ্য মাসে কারিতাস মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রামের মাধ্যমে ঋণ বিতরণ করা হয় ১০২৫৩০০০/- টাকা। ঋণ আদায় করা হয় ৯৪৩৪৭৬৩/- টাকা।<br><br>চলতি মাসে বন্যায় ক্ষতিগ্রস্থ ৯০০টি পরিবারকে ৪,০০০/- (চার হাজার) করে নগদ টাকা এককালীন দেওয়া হয়। | দিনাজপুর সদর উপজেলা | |
| মানব কল্যাণ পরিষদ | নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ৫০ টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহণ নারী নির্যাতন প্রতিরোধ নারীর ক্ষমতায়ন ও মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | ১নং ইউপি, ২ নংইউপি, ৬নং ইউপি. ৭নং ইউপি. | |
| সিডিডি | (১) সুদমুক্ত ঋণ/আয় বৃদ্ধি কার্যক্রম<br><br>(৩) শিক্ষা কার্যক্রম<br><br>(৪) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৫) নৃত্তাত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ১০৫ জন প্রতিবন্ধী ব্যক্তির আয় বৃদ্ধিমুলক কার্যক্রম ফলোআপ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ০৫ টি সরকারি প্রথমিক বিদ্যালয় ফলোআপ করা হয়েছে এবং প্রতিবন্ধী পরিবারে শিক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী সহ ০৩ জন প্রতিবন্ধী শিশু ও নারীর নির্যাতনের ন্যায় বিচার প্রাপ্তির জন্য নারী ও শিশু নির্যাতন কোটে মামলার ফলোআপ করা হয়।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী প্রতিবন্ধী উন্নয়ন সংগঠনের মিটিং এর মাধ্যমে স্বাস্থ্য সচেতনতা আয়বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত হওয়ার জন্য আলোচনা করা হয়। | দিনাজপুর পৌরসভা. ১নং ইউপি ২নং ইউপি ৩নং ইউপি ৪নং ইউপি | |

| | | | | |
|---|---|---|---|---|
| সনাক | তথ্য জানার অধিকার বিষয়ক কার্যক্রম, দিবস পালন ও মেলার আয়োজন | বিবেচ্য মাসে সচেতন নাগরিক কমিটি (সনাক) জেলা প্রশাসন, দিনাজপুর এর সহযোগিতায় সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের অংশ্রগহণের মধ্য দিয়ে আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস পালন করা হয়। তথ্যই শক্তি: জানবো জানাবো দুর্নীতি রুখবো বিভিন্ন স্লোগানে মুখরিত একটি র‌্যালী শহরের মুল সড়ক প্রদক্ষিণ করে দিনাজপুর ইনষ্টিটিউট মাঠ প্রঙ্গণে এক আলোচনা সবায় মিলিত হয়। ২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস। দিবসটি উপলক্ষে ১২ সেপ্টেম্বর, ২০১৭ দু'দিন ব্যাপী তথ্য মেলার আয়োজন করা হয়। তথ্য মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক, দিনাজপুর জনাব মীর খায়রুল আলম। | দিনাজপুর সদর | |
| আশ্রয় | ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে আশ্রয় মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রামের মাধ্যমে ৪২ জন এর মধ্যে ঋণ বিতরণ করেন। যার সঞ্চয় স্থিতি ৪৬৬১৫৮/- টাকা এবং ঋণ স্থিতি ৫৭৩৩৮৬১/- টাকা। আদায়ের হার ১০০ ভাগ। | দিনাজপুর সদর | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৯০ জনকে ২২৬১০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ১৭৫৩৮৫৪/- টাকা।<br><br>বিবেচ্য মাসে ১ নং ইউপি, বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ও পূর্ব শিবরামপুর গ্রামে ৩০ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক সার ও জৈব সার আমন ধানের জমিতে প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | |
| অরবিন্দু শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে বর্হিবিভাগে ২২৬২ জনকে সেবা দেওয়া হয় এবং অন্তঃ বিভাগে ৪৩১ জনকে সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |
| কাঞ্চন | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম, | বিবেচ্য মাসে শিশু স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩৭৭১ জনকে এবং মাতৃস্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩৩৫০ জনকে। | | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের মাঝে উদ্বুদ্ধ করণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৩ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৪৭ জন। এ পর্যন্ত মোট ৯জনকে ক্রাচ, ২৫জনকে চক্ষু চিকিৎসা, ১জনকে হুইল চেয়ার ও ১জনকে কৃত্রিম পা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ২৩জন প্রতিবন্ধী ব্যক্তির সন্তানকে শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ রোগী সনাক্তকরণ এবং হাসপাতালে প্রেরণ করা হয়। কতজন কুষ্ঠ রোগীকে সনাক্তকরণ করা হয়েছে এবং হাসপাতালে প্রেরণ করা হয়েছে সে সংক্রন্ত কোন তথ্য উল্লেখ নাই।<br><br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয়। এ পর্যন্ত ৫জন দলের সদস্যের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষণ চলমান রয়েছে। | দিনাজপুর সদর উপজেলা | |
| ওয়ার্ল্ড ভিশন | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে প্রাথমিক স্বাস্থ্য সেবা সংক্রান্ত কোন কার্যক্রম নেই। | দিনাজপুর পৌরসভা ১ নং | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৩) শিশু বিষয়ক কার্যক্রম<br><br>(৪) দুর্যোগ প্রস্তুতি ও প্রশমন | বিবেচ্য মাসে বয়স্ক ও গণশিক্ষা দেওয়া হয় ৩২০ জনকে।<br><br>বিবেচ্য মাসে শিশু বিষয়ক বিভিন্ন কার্যক্রমের উপকারভোগীর সংখ্যা ৬২৫জন।<br><br>চলতি মাসে দুর্যোগ প্রস্তুতি ও প্রশমন সংক্রান্ত কার্যক্রমের উপকারভোগীর সংখ্যা ৭১৮ জন। | ইউপি, ৬ নং ইউপি, ৪ নং ইউপি, | |
| ইভিপিআরএ প্রকল্প, ওয়াল্ড ভিশন বাংলাদেশ | ১। মানবাধিকার কার্যক্রম<br><br>২। সুশাসন সংক্রান্ত | চলতি মাসে কমিউনিটি ফ্যাসিলিটেঁরদের অসহায় জনগোষ্টির প্রয়োজনীয়তা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা ১১ জনকে।<br><br>উপজেলা পর্যায়ে সরকারের সাথে সমঝোতা স্মারক, ইউনিয়ন পর্যায়ে সমন্বয় সভা, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা এবং কমিউনিটি পর্যায়ে অধিকার বিষয়ক সভার আয়োজন করা হয়। সমাজের দায়িত্বশীল লোকদের দায়িত্ব সম্পর্কে সচেতন করা এবং বিভিন্ন দল ও সংগঠনকে সুদক্ষ করা সংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহণ করেন ৩০৪ জন। | | |
| অনন্যা সংস্থা | (১) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(২) শিশু সুরক্ষা ও তামাক বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম, পরামর্শ দেওয়া হয় এবং ০৩ জনকে চিকিৎসার জন্য রেফার করা হয় ।<br><br>বাল্য বিবাহ সংক্রান্ত ২ টি সচেতনতা সভা করা হয়। বিবেচ্য মাসে তামাক বিরোধী ২টি সচেতনতা সভা করা হয়। | | |
| এমবিএস কে | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বন্যা- ২০১৭<br><br>(৩) প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি<br><br>(৪) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে ১০১৩ জন সদস্যদের মাঝে ১৩,৫৫৭,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। সঞ্চয় আদায় করা হয় ৭৫,৯৩৩,৭০০/- টাকা।<br><br>চলতি মাসে ত্রানের পাশাপাশি বন্যায় ক্ষতিগ্রস্থ্য ১১টি পরিবারের মধ্যে একটি করে থাকার ঘর বিনামূল্যে নির্মান করে দেয়া হয়।<br><br>প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় চলতি মাসে ৭৫জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীণ ব্যক্তিকে ৫০০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩০০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশর গ্রামীন স্যানিটেশন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাংকের সহায়তায় দিনাজপুর সদর, উপজেলার ছয়টি শাখার মাধ্যমে ৩৫০০ কি স্বাস্থ্যসম্মত ও টেকসই ল্যাট্রিন স্থাপন করা হবে এবং ৪০০ টি পরিবারে ল্যাট্রিন জরিপ কাজ সর্ম্পূন হয়েছে। | দিনাজপুর সদর<br>৫ নং শশরা ইউপি, | |
| নিরা | (১) শিক্ষা সহায়ক কার্যক্রম<br><br>(২) পরিবেশ ও বনায়ন কার্যক্রম<br><br>(৩) মাদক বিরোধী কার্যক্রম | সামাজের পিছিয়ে পড়া হত দরিদ্র এবং ঝড়ে পড়া মেধাবী ছাত্র- ছাত্রীদের লেখাপড়ার কার্যক্রম চলমান রয়েছে। মোট ৮০জন ছাত্র-ছাত্রী এর উপকারভোগী।<br><br>এ মাসে নিরা ভিশন স্কুল এন্ড কলেজ এর সামনে বিভিন্ন প্রজাতির ফল গাছ লাগানো হয় মোট ৫০টি।<br><br>মাদক বিরোধী ও ধূমপান মুক্ত পরিবেশ গঠণের লক্ষে দলভূক্ত সদস্যদের মধ্যে ০১টি উঠান বৈঠক করা হয়। | দিনাজপুর সদর | |

| | | | | |
|---|---|---|---|---|
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| ওয়াই ডাব্লিউ সি এ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) মাইক্রো ক্রেডিট ঋণ কার্যক্রম | নার্সারী স্কুলে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। ২য় সাময়িক পরীক্ষা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১৮জনকে ঋণ প্রদান করা হয় ২১১০০০/- টাকা। ঋণ আদায় করা হয় ১৭২২৫৫/- টাকা। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) তালের বীজ বিতরণ | ১২৭ জন শিশুকে ছয়টি প্রাইমারি স্কুল, কিন্ডার গার্টেন ও ছয়টি হাই স্কুলে লেখাপড়া করছে।<br><br>প্রাকৃতিক দুর্যোগ বজ্রপাত থেকে মানুষকে রক্ষা করার জন্য এলাকার বিভিন্ন জায়গায় রোপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তালের বীজ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| মেরী স্টোপস ক্লিনিক | স্বাস্থ্য সেচা সংক্রান্ত কার্যক্রম | বিবেচ্য মাসে মা ও শিশু সাস্থ্য সেবা দেওয়া হয় ৬৮২ জনকে এবং কিশোর কিশোরীদের সাধারণ স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৩২৭ জনকে, পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা ২০৮১ জনকে দেওয়া হয়। | দিনাজপুর সদর, উপজেলা। | |
| | (১) অন্যান্য/বিবিধ | | | |
| | (১৬) যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | এস ইউপিকে, প্রত্যাশা, অরবিন্দু শিশু হাসপাতাল প্রমুখ। | | |

## সিদ্ধান্ত

১। বন্যা পরবর্তী ত্রাণ বিতরণে কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (সিডিসি) নির্বাহী পরিচালক জনাব যাদব চন্দ্র রায় এর বিরুদ্ধে সুবিধাভোগীদের নিকট থেকে উৎকোচ গ্রহণ করার বিষয়ে ১নং চেহেলগাজী, ৩ নং ফাজিলপুর এবং ৪নং শেখপুরা ইউনিয়ন চেয়ারম্যানের কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ প্রাথমিক ভাবে প্রমাণিত হয়েছে। বিষয়টি সরেজমিনে তদন্ত করার জন্য নিম্ন লিখিত কর্মকর্তার সমন্বয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠণ করা হলো।

| | |
|---|---|
| (ক) উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | আহবায়ক |
| (খ) চেয়ারম্যান, ১নংচেহেলগাজী/৩নং ফাজিলপুর/৪নং শেখপুরা ইউনিয়ন, দিনাজপুর সদর, দিনাজপুর | সদস্য |
| (গ) এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), বড়বন্দর, দিনাজপুর | **সদস্য** |

উল্লেখিত কমিটি অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে আগামী ১ (এক) মাসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বরাবরে প্রতিবেদন পেশ করবেন।

২। অরবিন্দু শিশু হাসপাতাল সরকারি অর্থায়নে নির্মিত। সরকারি অর্থায়নে নির্মিত হাসপাতালের ক্ষেত্রে বিনামূল্যে শিশুদের চিকিৎসা সেবা দেয়ার কথা। অরবিন্দু হাসপাতাল এ পর্যন্ত কি পরিমাণ বিনামূল্যে শিশু রুগীর সেবা দিচ্ছে এ বিষয়ে প্রতিবেদন দেয়ার জন্য নিম্ন লিখিত কর্মকর্তার সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠণ করা হলো।

| | |
|---|---|
| (ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | আহবায়ক |
| (খ) উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | সদস্য |
| (গ) এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), বড়বন্দর, দিনাজপুর | **সদস্য** |

উল্লেখিত কমিটি অরবিন্দু হাসপাতালের সাথে যোগাযোগ করে আগামী ১ (এক) মাসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বরাবরে প্রতিবেদন পেশ করবেন।

৩। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি -৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

৪। গত ১৩/০৮/২০১৭ খ্রিঃ তারিখে দিনাজপুর পৌরসভাসহ উপজেলার ১০টি ইউনিয়ন মারত্নক বন্যায় আক্রান্ত হয়। বন্যা কবলিত মানুষের তাৎক্ষনিক বিভিন্ন সহায়তা প্রদানের জন্য উপজেলা সদরে কর্মরত সরকারি, বেসরকারি ও অধা-সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা ত্রাণ সহায়তার জন্য এগিয়ে আসেন। যেসব সংস্থা ত্রাণ সহায়তায় প্রদান করেন তাদেরকে ত্রাণের ধরণ ও উপকারভোগীর তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়।

৫। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১০.৩০ মিনিটে এনজি ও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত হয় এবং সকল সংস্থাকে অবহিত করার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।

৭। **দিঘন সিআইজি (ফসল) সমবায় সমিতি,** দিঘন, দিনাজপুর সদর, দিনাজপুর, আগামী আলোচনা সভায় মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৮। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত//-
মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর,দিনাজপুর।

## পরিশিষ্ট -ক

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর ”
২। জনাব মোঃ নুর জামান হোসেন, উপ- সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য দিনাজপুর সদর, দিনাজপুর ”
৩। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক, বড়বন্দর,দিনাজপুর। ”
৪। জনাব মোঃ আজিজুল হক ফিল্ড এইড কুমিল্লা, মিশোনরোড,দিনাজপুর। ”
৫। জনাবা স্বপ্না সুবর্ণা তপ, জেনারেল সেক্রেটারী, ওয়াইডাব্লিউসিএ, বড়পল, পুলহাট, দিনাজপুর। ”
৬। জনাবা মোছাঃ বেরেনুর, সমন্বয়কারী, উত্তরণ প্রতিবন্ধি সংস্থা, ২নং সুন্দরবন ইউ.পি, সদর, দিনাজপুর। ”
৭। জনাব বাদল চন্দ্র রায়,জেলা হাইজিন অফিসার, ইএসডিও, উত্তর বালুবাড়ী দিনাজপুর। ”
৮। জনাব মোহায়মিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল, ইসলামপাড়া, বিরামপুর, দিনাজপুর। ”
৯। জনাব শৈলেন চন্দ্র রায়, প্রজেক্ট সুপারভাইজার, স্টোর ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট(সিডিসি),বালুবাড়ী,দিনাজপুর। ”
১০। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ, বালুবাড়ী দিনাজপুর। ”
১১। জনাব পিকে মজুমদার, প্রকল্প সমন্বয়কারী,অন্বেষন বাসুনিয়াপট্রি দিনাজপুর। ”
১২। জনাব মোঃ মশিউর রহমান, শাখা ব্যবস্থাপক, বুরো্য বাংলাদেশ, নিউটাউন-২, দিনাজপুর। ”
১৩। জনাব সেবাষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাংগাপাড়া, সদর, দিনাজপুর। ”
১৪। জনাব ওয়াজেদ হোসেন, শাখা পরিচালক, মিনাল টেকনিক্যাল ইন্সিটিটিউট, নিমনগর, দিনাজপুর। ”
১৫। জনাব মোঃ জামিনুল ইসলাম, প্রতিনিধি, বি-স্কিলফুল প্রকল্প, দিনাজপুর জেলা। ”
১৬। জনাব মিথুয়েল হেম্ব্রম, কো-অডিনেটর, এসএমএনবি- ডিএলপি, পশ্চিম শিবরামপুর সদর,দিনাজপুর। ”
১৭। জনাব শামীম কবির, শাখা হিসাব সহকারী, আশ্রয়, সুইহারী, বড়গুড়গোলা, দিনাজপুর। ”
১৮। জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, ঈদগাহবস্তি, দিনাজপুর। ”
১৯। জনাব মোঃ মাসুদ রানা, ম্যানেজার, মেরী ষ্টোপস বাংলাদেশ, বালুবাড়ী, দিনাজপুর। ”
২০। জনাব মোঃ ইমদাদুল হক, নির্বাহী পরিচালক, চাউলিয়াপট্টি পল্লী উন্নয়ন সংস্থা, বালুয়াডাঙ্গা, দিনাজপুর। ”
২১। জনাব মোঃ সায়জেদ নেগার,শাখা ব্যবস্থাপক, মানব দিশারী সমাজ উন্নয়ন সংস্থা,দিনাজপুর। ”
২২। জনাব মোঃ আফছার আলী, নির্বাহী পরিচালক, এসআইডিপি সংস্থা, খানপুর, সদর, দিনাজপুর। ”
২৩। জনাব আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর দিনাজপুর। ”
২৪। জনাব আব্দুল হামিদ, নির্বাহী পরিচালক, এমএনডিএফ, সদর, দিনাজপুর। ”
২৫। জনাব দুলাল হোসেন , সোসাইটি ফোর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর। ”
২৬। জনাব মোঃ সিরাজুল ইসলাম, আঞ্চলিক ব্যবস্থাপক, টিএমএসএস, নিমনগর, দিনাজপুর। ”
২৭। জনাব মোঃ নুরুজ্জামান, ব্রাঞ্চ ম্যানেজার, নিরা সংস্থা, মির্জাপুর, সদর, দিনাজপুর। ”
২৮। জনাব মোঃ জসিম উদ্দীন, ইউনিট অফিসার, কারিতাস, দিনাজপুর। ”
২৯। জনাব মোঃ সাজেদুল ইসলাম, সিডিএফ, দি লেপ্রশী মিশন বাংলাদেশ, মির্জাপুর, সদর, দিনাজপুর। ”
৩০। জনাব মোঃ মহসিন আলী,জেলা ব্রাক প্রতিনিধি দিনাজপুর। ”
৩১। জনাব ইষ্টের আল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহপাড়া চাইল্ড স্পন্সরশীপ --- , রাজবাটী, দিনাজপুর। ”
৩২। জনাব শামীমা আখতার, পিও, পল্লীশ্রী, নিমনগর, বালুবড়ী, দিনাজপুর। ”
৩৩। জনাব মমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক, ইয়ং ড্রাগন মার্শাল আর্ট সেন্টার দি ফাইট স্কুল ”
৩৪। জনাব ডিএসএম জিল্লুর রহমান, পরিচালক, বিবিডিএস, বড়বন্দর দিনাজপুর। ”
৩৫। জনাব মিজানুর রহমান, সভাপতি, দিঘন সিআইজি ফসল সমবায় সমিতি, সদর, দিনাজপুর। ”
৩৬। জনাব আয়েশা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী, ইসলামবাগ, সদর, দিনাজপুর। ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৭.৩৫৫ তারিখ ঃ ১৭অক্টোবর, ২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। পরিচালক (নিবন্ধন),এনজিও বিষয়ক বুর‍্যো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট ই-১৩/বি আগারগাও,শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.......................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

স্বাক্ষরিত//-
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর